

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
সদরপুর, ফরিদপুর
www.dss.sadarpur.faridpur.gov.bd

নম্বর: ৪১.০১.২৯৮৪.০০০.১৬.০০৫.২৬-

২৬৭

তারিখ: ০২ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ
২৬ মে ২০২৬ খ্রিষ্টাব্দ

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক: ৪৮.০০.০০০০.০০৮.১৪.০০৯(০১).২৩-২০৩ তারিখ: ২১ মে ২০২৬ খ্রি. মোতাবেক 'অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য ১ম (সংশোধিত) বীর নিবাস নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায় আবাসন বরাদ্দের জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। অত্র উপজেলার যে সকল শহীদ মুক্তিযোদ্ধা পরিবার/যুদ্ধাহত মুক্তিযোদ্ধা/ অস্বচ্ছল মুক্তিযোদ্ধা/পরিবারের সদস্য উক্ত বীর নিবাস বরাদ্দ পেতে আগ্রহী তাদের আবেদন পত্র আগামী ০৪ ঠা জুন ২০২৬খ্রি. বিকাল ০৩.০০ ঘটিকার মধ্যে নির্ধারিত ফরম সংগ্রহ ও পূরণ পূর্বক উপজেলা সমাজসেবা কার্যালয়, সদরপুরে জমা প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আবাসন বরাদ্দের জন্য আবেদনকারীর যোগ্যতা/শর্তাবলীঃ

১. অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধা/বীর মুক্তিযোদ্ধার ওয়ারিশগণ যারা আবাসন প্রাপ্তির জন্য আবেদন করবেন সেই বীর মুক্তিযোদ্ধার অনুকূলে অবশ্যই মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সমন্বিত তালিকায় (ওয়েব সাইট প্রকাশিত) ভারতীয় তালিকা /লাল মুক্তিবর্তা/ বেসামরিক গেজেট/স্বীকৃত অন্যান্য গেজেট প্রমাণকসহ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত চূড়ান্ত তালিকায় নাম অন্তর্ভুক্ত থাকতে হবে।
২. যে সকল অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধা, শহীদ/প্রয়াত বীর মুক্তিযোদ্ধাদের বিধবা স্ত্রী ও সন্তান ইতোপূর্বে এ মন্ত্রণালয় বা কোন সরকারি দপ্তর/সংস্থা হতে প্লট/ফ্ল্যাট /আবাসন বরাদ্দ পায়নি বা আবাসনের জন্য কোন ঋণ পায়নি তারই এ প্রকল্পের আওতায় আবাসন প্রাপ্তির যোগ্য হবেন এবং আবেদন করতে পারবেন।
৩. বীর মুক্তিযোদ্ধার একাধিক স্ত্রী/সন্তানগণের ক্ষেত্রে ৩০০/- (তিন শত) টাকার নন জুডিশিয়াল স্টাম্প ক্ষমতাঅর্পণ পত্র উপর্যুক্ত ও নিষ্কণ্টক জমি সংক্রান্ত পর্চা কমপক্ষে ১১৩১ বর্গ ফুট (দৈর্ঘ্য ৩৯ ফুট/ প্রস্থ ২৯ ফুট) ও সংশ্লিষ্ট দলিলাদি দাখিল করতে হবে।
৪. বীর মুক্তিযোদ্ধা প্রয়াত হলে আবেদনকারী ও মুক্তিযোদ্ধার সম্পর্ক নির্ণয়ে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
৫. বীর মুক্তিযোদ্ধা/পরিবারের সদস্যগণ গৃহ নির্মাণের জন্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে ঋণ গ্রহণ করে থাকলে তার প্রমাণক যুক্ত করতে হবে।
৬. ইতোমধ্যে বীরনিবাস প্রাপ্ত তালিকায় যাদের নাম রয়েছে তাদের পুনঃরায় এবং স্বচ্ছল বীর মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের আবেদন করার প্রয়োজন নেই।
৭. বিশেষভাবে উল্লেখ্য যে “অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন বরাদ্দ” সংক্রান্ত নীতিমালার ১.২.১ হতে ১.২.৫ ধারা সমূহে বর্ণিত বীর মুক্তিযোদ্ধা/পরিবার/ওয়ারিশগণ আবাসন বরাদ্দের ক্ষেত্রে অগ্রাধিকার প্রাপ্য হবেন।

কাজী শামীম আহমেদ
উপজেলা সমাজসেবা অফিসার

ও

সদস্য-সচিব

অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের আবাসন বরাদ্দের জন্য
সুবিধাভোগী নির্বাচন বিষয়ক উপজেলা কমিটি
ফোন: ০২-৪৭৭৭৯৮১১১

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

- ১। পরিচালক(যুগ্ম সচিব), বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ৩/২০ হুমায়ুন রোড, মোহাম্মদপুর, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, ফরিদপুর।
- ৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ফরিদপুর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের আবাসন বরাদ্দের জন্য সুবিধাভোগী নির্বাচন বিষয়ক উপজেলা
- ৫। আহ্বায়ক, মুক্তিযোদ্ধা, সংসদ সদরপুর উপজেলা কমান্ড সদরপুর, ফরিদপুর।
- ৬। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) সদরপুর, ফরিদপুর।
- ৭। নোটিশ বোর্ড/ সংরক্ষণ কপি।